Times Today BD

রেজাউল করিম লিটন | দেশজুড়ে | 27 April, 2025

মহেশপুর ৫৮ ব্যাটালিয়নের অধীনে চুয়াডাঙ্গার জীবননগর সীমান্তে বিজিবি বিএসএফ ব্যাটালিয়ন কমান্ডার পর্যায়ে বৈঠক অনুষ্ঠিত হয়েছে।

বিজিবি জানায়, শুক্রবার ( ২৫ এপ্রিল) ব্যাটালিয়নের অধীনস্থ মেদিনীপুর বিওপির দায়িত্বপূর্ণ এলাকার বিপরীতে প্রতিপক্ষ ৩২ ব্যাটালিয়ন বিএসএফ এর দায়িত্বপূর্ণ এলাকার মেইন পিলার ৬৪ এর নিকট শুন্য লাইন বরাবর চ্যাংখালী নামক স্থানে মহেশপুর ব্যাটালিয়ন (৫৮ বিজিবি) এবং প্রতিপক্ষ ৩২ বিএসএফ ব্যাটালিয়ন এর সাথে ব্যাটালিয়ন কমান্ডার পর্যায়ে সৌজন্য সাক্ষাৎ অনুষ্ঠিত হয়।

এরপর উভয় ব্যাটালিয়ন অধিনায়ক এর উপস্থিতিতে পায়ে হেটে জিরো লাইন পরিদর্শন করা হয়।

এই সৌজন্য সাক্ষাতে বিজিবি এর পক্ষে মহেশপুর ব্যাটালিয়ন (৫৮ বিজিবি) এর অধিনায়ক লেঃ কর্নেল মোঃ রফিকুল আলম, পিএসসি ও স্টাফ অফিসারসহ ১২ জন এবং প্রতিপক্ষ ৩২ ব্যাটালিয়ন বিএসএফ এর কমান্ড্যান্ট শ্রী সুজিত কুমার ও স্টাফ অফিসারসহ ১২ জন অংশগ্রহণ করেন।

সৌজন্য সাক্ষাতে বিজিবি-বিএসএফ সৌহার্দ্যপুর্ন সম্পর্ক বজায় রাখা , সীমান্ত পরিস্থিতি সুস্থ ও স্বাভাবিক রাখা, সীমান্ত হত্যা না হওয়া এবং মাদক চোরাচালান প্রতিরোধে কার্যকরী ব্যবস্থা গ্রহণ করাসহ সীমান্ত সংক্রান্ত বিভিন্ন বিষয় নিয়ে আলোচনা হয়।

আলোচনা শেষে উভয় ব্যাটালিয়ন কমান্ডার সরেজমিনে সীমান্ত পিলার ৬৪, ৬৪/১-এস, ৬৪/২-এস ও ৬৪/৩-এস সহ ১৮টি টি-পিলার পরিদর্শন এবং  পিলার সমুহের মধ্যবর্তী ২.৫ কিঃ মিঃ রাস্তা জিরো লাইন ধরে পায়ে হেটে পরিদর্শন করেন।

বিজিবির মহেশপুর ৫৮ ব্যাটালিয়নের সহকারী পরিচালক মোহাম্মদ সাইফুল ইসলাম এ তথ্য নিশ্চিত করেছেন।

ব্যাটালিয়ন বিজিবি বিএসএফ

© 2025 TimesToday. All Rights Reserved.

Generated on 19 June, 2025 03:22

URL: https://timestodaybd.com/across-the-country/7758071507